# পরিচালকমন্ডলীর প্রতিবেদন

বিস্‌মিল্লাহির রাহমানীর রহিম

সম্মানিত শেয়ার হোল্ডারবৃন্দ,
আস্‌সালামু-আলাইকুম,

কোম্পানির বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সকলকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। নানাবিধ প্রতিকুল পরিবেশ, পরিস্থিতি, ব্যবসায়িক মন্দা এবং অর্থনৈতিক সংকটের কারণে ৩০ শে জুন, ২০২০ এ সমাপ্ত বছরে যথাসময়ে বার্ষিক সাধারণ সভা করতে পারিনি। মহামান্য হাইকোর্ট ডিভিশনের অনুমতিক্রমে উক্ত বছরের বার্ষিক সাধারণ সভার আয়োজন করা হয়েছে। উক্ত বছরে কোম্পানির বার্ষিক প্রতিবেদন, নিরীক্ষিত হিসাব ও তার উপর নিরীক্ষকের প্রতিবেদন আপনাদের সদয় পর্যালোচনা, বিবেচনা এবং অনুমোদনের জন্য উপস্থাপন করছি।

**কোম্পানি পরিচিতি ঃ**

এক্সেলসিয়র সুজ লিমিটেড বাংলাদেশের প্রথম শতভাগ জুতা উৎপাদন ও রপ্তানিকারক প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠানটি ১৯৮৮ সালের ৩০ শে জুন নিবন্ধিত হয়। কোম্পানির শিল্পকারখানাটি চট্টগ্রাম ইপিজেড এলাকায় অবস্থিত। ১৯৮৮ সালের ৩০ শে জুন কোম্পানি নিবন্ধিত হয় এবং ৩০ শে এপ্রিল, ১৯৯০ থেকে বাণিজ্যিকভাবে উৎপাদন শুরু হয়।

**মানব সম্পদ ঃ**

নিম্নে ৩০ শে জুন, ২০২০ এ সমাপ্ত বছরের সাথে বিগত ৩ বছরের মানব সম্পদের সংখ্যা এবং মানব সম্পদের বিপরীতে উৎপাদন এবং বিক্রয়ের চিত্র তুলে ধরা হলো:

| ক্রমিক নং | সমাপ্ত বছর | মোট মানব সম্পদ (শ্রমিক, কর্মচারি, কর্মকর্তা, নির্বাহী এবং ব্যবস্থাপক) | উৎপাদন (জোড়া) | বিক্রয় (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|
| ০১. | ৩০ শে জুন, ২০১৭ | ১,১৬৩ | ৭,৮৭,০০০ | ১,৫৭২.৭৮ |
| ০২. | ৩০ শে জুন, ২০১৮ | ১,২৪৯ | ১৮,৮০,০০০ | ২,৩১৪.২০ |
| ০৩. | ৩০ শে জুন, ২০১৯ | ১,১৯৯ | ১৮,৩২,০০০ | ২,৬৬২.৭৪ |
| ০৪. | ৩০ শে জুন, ২০২০ | ১,২১০ | ১৮,৯৮,০০০ | ২,৫৩০.২৪ |

**আর্থিক ফলাফল ঃ**

৩০ শে জুন, ২০২০ এ সমাপ্ত বছরের সাথে বিগত ৩ বছরের আর্থিক ফলাফল নিম্নে দেওয়া হলো:

| সমাপ্ত বছর | মোট বিক্রয় (লক্ষ টাকা) | মোট মুনাফা/ ক্ষতি (লক্ষ টাকা) | ওপারেটিং মুনাফা /ক্ষতি (লক্ষ টাকা) | নীট মুনাফা/ক্ষতি (লক্ষ টাকা) | শেয়ার প্রতি লাভ/ক্ষতি (টাকা) |
|---|---|---|---|---|---|
| ৩০ শে জুন, ২০১৭ | ১,৫৭২.৭৭ | (২১৩.০৭) | (৩২৭.১২) | (৩২৫.৭৪) | (১০.৮৬) |
| ৩০ শে জুন, ২০১৮ | ২,৩১৪.২০ | ১৬৩.৬৮ | ৮০.৩১ | ৮৪.৩৬ | ২.৮১ |
| ৩০ শে জুন, ২০১৯ | ২,৬৬২.৭৩ | ১৭৮.৯৮ | ৭১.৩৯ | ৬.১৯ | ০.২১ |
| ৩০ শে জুন, ২০২০ | ২,৫৩০.২৩ | ১১৮.৯৫ | ২৬.৮৯ | (৮.৭১) | (০.২৯) |

**ব্যবসায়িক কার্যক্রম পর্যালোচনা ঃ**

৩০ শে জুন, ২০২০ এ সমাপ্ত বছরের আর্থিক প্রতিবেদন পর্যালোচনা করলে দেখা যায় উক্ত বছরে কোম্পানি ৮.৭১ লক্ষ টাকা ক্ষতির সম্মুখীন হয়।

**লভ্যাংশ ঘোষণা সংক্রান্ত সিদ্ধান্ত ঃ**

৩০ শে জুন, ২০২০ এ সমাপ্ত বছরে কোম্পানি ক্ষতির সম্মুখীন হয় তাই গত ০২.০১.২০২৪ ইং তারিখে অনুষ্ঠিত পরিচালনা পরিষদের সভায় ডিভিডেন্ড না দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

# পরিচালকমন্ডলীর প্রতিবেদন

**পরিচালনা পর্ষদঃ**

| | | |
|---|---|---|
| ০১ | মরহুব এম. এ. কালাম | ব্যবস্থাপনা পরিচালক |
| ০২ | জনাব খন্দকার হাসান রেজা, এফসিএস | পরিচালক |
| ০৩ | জনাব রুহুল আমীন, এফসিএমএ | পরিচালক |
| ০৪ | জনাব ইঞ্জিনিয়ার আবদুল হক | স্বতন্ত্র পরিচালক |

**পরিচালকগণের অবসর গ্রহণ ও পুনঃনিয়োগ ঃ**
কোম্পানির আর্টিকেলস অব এসোসিয়েশনের সংশ্লিষ্ট বিধান মোতাবেক জনাব এম এ কালাম অবসর গ্রহণ করেন। তিনি পুনঃরায় নিয়োগের জন্য অবেদন করেন এবং যোগ্য বিধায় পুনঃনিয়োগ নিয়োগ দেওয়া হয়। এই নিয়োগ সভায় অনুমোদনের জন্য পেশ করা হলো।

**নিরীক্ষক নিয়োগ ও তাদের পারিশ্রমিক নির্ধারণ ঃ**
কোম্পানির নিরীক্ষক প্রতিষ্ঠান ফেইম এন্ড আর ৩০ শে জুন, ২০২১ এ সমাপ্ত বছরে জন্য পুনঃরায় আবেদন করে। অন্য কোনো প্রস্তাব না থাকায় এবং যোগ্যতাসম্পন্ন হওয়ায়, পরিচালনা পরিষদ ১,১৫,০০০ (এক লক্ষ, পনের হাজার) টাকা পরিশ্রমিকে ৩০ শে জুন, ২০২১ এ সমাপ্ত বছরে জন্য ফেইম এন্ড আর কে পুনঃরায় নিয়োগ দেয়। এই নিয়োগ সভায় অনুমোদনের জন্য পেশ করা হলো।

**১০। নিরীক্ষকের মন্তব্যের উপর ব্যাখ্যা ঃ**
৩০ শে জুন ২০২০ এ সমাপ্ত বছরের প্রতিবেদনে প্রপার্টি, প্ল্যান্ট এবং ইকুইপমেন্টের মূল্য_অবলোপন না করা বিষয়ে নিরীক্ষক কোয়ালিফাইড মতামত দিয়েছেন। এ বিষয়ে কোম্পানির মতামত নিম্নরুপ:

প্রপাটি, প্ল্যান্ট এবং ইকুইপমেন্টের মূল্য অবলোপন করাকে ম্যানেজেমেন্টের তরফ থেকে প্রয়োজনীয় বিবেচনা করার কোনো সুনির্দিষ্ট কোনো কারণ ছিল না।

**উপসংহার ঃ**
পরিচালকমন্ডলীর পক্ষ থেকে সম্মানিত সকল শেয়ার-মালিক, সকল স্তরের কর্মকর্তা-কর্মচারী-শ্রমিক, কোম্পানির সকল সহযোগি ও প্রতিষ্ঠানকে তাঁদের ঐকান্তিক আন্তরিকতা ও ব্যবসায়িক অবদানের জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হচ্ছে।

পরিচালকমন্ডলীর পক্ষে-

(মোহাম্মদ ইমাম হোসেন)
চিফ ফিন্যানসিয়াল অফিসার

(কে. এইচ. রেজা, এফসিএস)
পরিচালক এবং কোম্পানি সচিব